গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা।

principal@bbggc.gov.bd, www.bbggc.gov.bd

**College Code : 1400, EIIN NO : 108155**

তারিখ: ৩০/০১/২০২৩

# ২০১৯ সনের মাস্টার্স ১ম পর্ব নিয়মিত, প্রাইভেট নিয়মিত, অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার ফরমপূরণের বিজ্ঞপ্তি

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের নিয়মিত, প্রাইভেট নিয়মিত ও ২০১৬-১৭, ২০১৭-১৮ শিক্ষাবর্ষের অনিয়মিত (যারা মাস্টার্স ১ম পর্ব ২০১৭ এবং ২০১৮ সনের পরীক্ষায় অংশগ্রহণ করেনি) এবং মানোন্নয়ন পরীক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদের ফরম পূরণের আবেদন ফরম ঢাকা বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে (7 College.du.ac.bd) Form Fill-up ক্লিক করে শিক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনানুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। ফরম পূরণের টাকা পরিশোধের জন্য ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে আবেদন ফরম প্রিন্ট করে কলেজ অফিসের ১১৪ নং কক্ষে সকাল ১০.০০টা থেকে বিকাল ৩:০০ টার মধ্যে রশিদের মাধ্যমে নিম্নোক্ত ফি, ফরম ও প্রয়োজনীয় কাগজপত্র জমা দেয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো।

**ফির পরিমাণ**

| ক্রমিক নং | বিষয় | টাকা |
|---|---|---|
| ০১ | এমএ, এমএসএস, এমবিএস | ২,৪০৫/- |
| ০২ | এসএস এস অর্থনীতি | ২,৮৫০/- |
| ০৩ | এমএসসি গণিত | ৩,৪৫০/- |
| ০৫ | মান উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য | |
| ০১ | ০১ বিষয় | ১,৪৮০/- |
| ০২ | ০২ বিষয় | ১,৫৮০/- |
| ০৩ | ০৩ বিষয় | ১,৬৮০/- |
| ০৪ | ০৪ বিষয় | ১,৭৮০/- |

**ফরম পূরণ ও ফি জমাদানের তারিখ: ৩০/০১/২০২৩ হতে ০৬/০২/২০২৩ পর্যন্ত ।**
**নির্ধারিত সময়ের পরে জরিমানার মাধ্যমে ফরম পূরণের সুযোগ থাকবে না।**

১। **পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলি:**

**নিয়মিত, প্রাইভেট নিয়মিত, অনিয়মিত ও মানোন্নয়ন শিক্ষার্থীর ক্ষেত্রে:**

(ক) ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে নিবন্ধিত নিয়মিত, প্রাইভেট নিয়মিত শিক্ষার্থীরা উক্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ) ২০১৬-১৭, ২০১৭-১৮ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী মাস্টার্স ১ম পর্ব ২০১৭ এবং ২০১৮ সনের পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা উক্ত পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

(গ) ২০১৬-১৭, ২০১৭-১৮ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থীদের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষায় অনুপস্থিত/অকৃতকার্য রয়েছে তারা উক্ত পরীক্ষায় অনুপস্থিত/অকৃতকার্য পত্র বা পত্রসমূহে মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

চলমান পাতা-০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা।
principal@bbggc.gov.bd, www.bbggc.gov.bd
College Code : 1400, EIIN NO : 108155



২। **ইনকোর্স ও টার্ম পেপার পরীক্ষার প্রয়োজনীয় শর্তাবলি:**

২০১৯ সনের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষার পরীক্ষার্থীদের পূরণকৃত ফরম কলেজ কর্তৃক ভেরিফাই করার সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশনের বিপরীতে ইনকোর্স পরীক্ষার প্রাপ্ত নম্বর এন্ট্রি করতে হবে। ইনকোর্স পরীক্ষার নম্বরপত্রের ০১ (এক) কপি নম্বরপত্র সংশ্লিষ্ট শাখার উপ-পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট, ০২ (দুই) কপি নম্বরপত্র সংশ্লিষ্ট পরীক্ষা কমিটির সভাপতির নিকট এবং ০১ (এক) কপি ইনকোর্স পরীক্ষার খাতাসহ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অফিসে সংরক্ষণ করতে হবে সংশ্লিষ্ট পরীক্ষার ফলাফল প্রকাশ হওয়া পর্যন্ত (প্রয়োজন সাপেক্ষে পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে প্রেরণ করতে হবে)।

৩। **অনলাইনে আবেদন ফরমপূরণ (শিক্ষার্থীদের জন্য):**

ক) আবেদনকারীকে ওয়েবসাইটে (http://dua7c.com/) **লিংক এ গিয়ে রেজিস্ট্রেশন নম্বর মাস্টার্স ১ম পর্বের শিক্ষাবর্ষ দিয়ে** ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে পারবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয় সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলী উল্লেখ থাকবে।

খ) শিক্ষার্থীদের প্রিন্টকৃত ফরমে কলেজ **অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ** স্বাক্ষর করার পর ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি শিক্ষার্থী স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে **অবশ্যই** জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরম পূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ০২/০২/২০২৩ তারিখের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩২২ নং কক্ষে আবেদনের মাধ্যমে জানাতে পারবে।

৪। **পরীক্ষার্থীদের জন্য করণীয়:**

পরীক্ষার্থীরা অনলাইনে আবেদন ফরম পূরণ করে নির্ধারিত-ফি সহ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিবে এবং কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে সঠিক আছে কি না তা দেখে নিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে। বিষয় কোড ভুল এন্ট্রির জন্য বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না। আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে বিশেষ করে কোড সিলেক্ট করতে ভুল হলে তা পুনরায় বিশ্ববিদ্যালয়ে আবেদনের প্রেক্ষিতে সঠিকভাবে পূরণ করতে হবে। পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরম পূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

**ফরমের সাথে যে সমস্ত কাগজপত্র জমা দিতে হবেঃ**

০১. নিয়মিত শিক্ষার্থীদের ভর্তি রশিদের ফটোকপি।
০২. অনিয়মিত শিক্ষার্থীদের পুনঃ ভর্তি ভর্তি রশিদের ফটো কপি।
০৩. পরীক্ষায় অংশগ্রহণের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে পূরণকৃত ফরম ফিলাপের ফরম।
০৪. পূরণের টাকার রশিদের ফটোকপি।

বিঃদ্রঃ **শিক্ষার্থীরা রশিদ এবং পরীক্ষার এন্ট্রি ফরম অফিসে জমা না দিয়ে বাসায় নিয়ে গেলে তার পরীক্ষার ফরম পূরণ বাতিল বলে গণ্য হবে।**

(প্রফেসর সাবিকুন নাহার)
অধ্যক্ষ
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা।